



নির্বাচন প্রস্তুতিতে ডিসি ও এসপিদের সঙ্গে ইসির সমন্বয় বৈঠক



সংগৃহীত ছবি

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও সম্ভাব্য গণভোট শান্তিপূর্ণ ও সুষ্ঠুভাবে সম্পন্ন করতে জেলা প্রশাসক ও পুলিশ সুপারদের সঙ্গে বৈঠকে বসেছে নির্বাচন কমিশন। নির্বাচনী প্রস্তুতি আইনশৃঙ্খলা ও আচরণবিধি বাস্তবায়ন নিয়ে দিকনির্দেশনা দেওয়া হচ্ছে।

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে প্রশাসনের মাঠপর্যায়ের নেতৃত্বের সঙ্গে সমন্বয় জোরদার করেছে নির্বাচন কমিশন (ইসি)। এ লক্ষ্যেই মঙ্গলবার সকালে রাজধানীতে দেশের সব জেলা প্রশাসক (ডিসি) ও পুলিশ সুপারদের (এসপি) নিয়ে একটি গুরুত্বপূর্ণ বৈঠক অনুষ্ঠিত হচ্ছে।

নির্বাচন কমিশনের নিজস্ব অডিটোরিয়ামে সকাল ১০টায় শুরু হওয়া এই বৈঠকে নির্বাচনের সার্বিক প্রস্তুতি পরিস্থিতি পর্যালোচনা করা হচ্ছে। একই সঙ্গে ভোটগ্রহণকালীন আইনশৃঙ্খলা রক্ষা নিরাপত্তা পরিকল্পনা এবং আচরণবিধি যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে প্রশাসনকে স্পষ্ট নির্দেশনা দেওয়া হচ্ছে।

এর আগে গত ২১ ডিসেম্বর নির্বাচন কমিশনের উপসচিব মোহাম্মদ মনির হোসেন স্বাক্ষরিত এক চিঠির মাধ্যমে সংশ্লিষ্ট কর্মকর্তাদের বৈঠকের বিষয়টি জানানো হয়।

ইসি সূত্র জানায়, অবাধ নিরপেক্ষ ও অংশগ্রহণমূলক নির্বাচন নিশ্চিত করতে মাঠ প্রশাসনের সমন্বিত ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সে কারণেই ডিসি ও এসপিদের নিয়ে এই দিকনির্দেশনামূলক ব্রিফিংয়ের আয়োজন করা হয়েছে।